

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক বছরসমূহে (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

গত ০৩(তিন) বছরে নকলা উপজেলায় ১০৩০ জনকে প্রশিক্ষণ প্রদান, ১,৩২,২৫,০০০/= টাকা প্রশিক্ষনোত্তর ঋণ প্রদান এবং ৩২৩ জন যুবক ও যুবনারীকে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

ক্রমবর্ধমান যুবজনসংখ্যাকে যুবশক্তিতে রূপান্তর করা একটি চ্যালেঞ্জ। দেশের যুবশক্তিকে আত্মকর্মী হিসেবে গড়ে তোলাসহ আন্তর্জাতিক বাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ ট্রেড নির্বাচন, প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষিত যুবদের প্রয়োজনীয় সহায়তা দিয়ে দক্ষ যুবশক্তি হিসেবে রপ্তানি করা একটি চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

শিক্ষিত বেকার যুবদের অস্থায়ী কর্মসংস্থানের জন্য সারাদেশে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি কার্যক্রম সম্প্রসারণ করা হবে। দেশ বিদেশের চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণ করে যুবদের প্রশিক্ষণ প্রদান করা হবে। সমাজ বিরোধী কর্মকান্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা হবে। ই-ল্যানিং প্রক্রিয়ায় মুক্তপাঠের মাধ্যমে বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রমে যুবদের অধিকহারে সম্পৃক্ত করা হবে। আত্মকর্মীদের মধ্য থেকে উদ্যোক্তা সৃষ্টি করা হবে।

২০২২-২০২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- ন্যাশনাল সার্ভিস কর্মসূচির মাধ্যমে × জনের অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি।
- দেশ বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে মোট ৪২০ জন যুবক ও যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান।
- প্রশিক্ষিত যুবদের মধ্যে ৯৩ জনকে ৩৮,৮০,০০০/= টাকা ঋণ বিতরণের মাধ্যমে স্বাবলম্বী করা।
- আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প স্থাপন ও সম্প্রসারণপূর্বক ১০৬ জন আত্মকর্মী সৃষ্টি।
- সমাজ বিরোধী কর্মকান্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে ১টি অনুষ্ঠান আয়োজন ও জনসচেতনতা সৃষ্টি।
- ০১টি যুব সংগঠন নিবন্ধন।